

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮৬৭

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ একজন মুহরিম ব্যক্তির জন্য কুরবানী করার আগে মাথা মুন্ডন করা এবং কঙ্কর নিক্ষেপ করার আগে কুরবানী করা জায়েয মর্মে বর্ণনা

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمُحْرِمِ الْحَلْقِ قَبْلَ الذَّبْحِ وَالذَّبْحِ قَبْلَ الرَّمِي

আরবী

3867 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا النَّضْرُ بْنُ شَمَيْلٍ قَالَ: حَدَّثَنَا حَمَادُ بْنُ سَلْمَةَ عَنْ قَيْسِ بْنِ سَعْدٍ عَنْ عَطَاءِ بْنِ أَبِي رَبَاحٍ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ أَنَّ رَجُلًا قَالَ: يَا رَسُولَ اللَّهِ ذَبَحْتُ قَبْلَ أَنْ أُرْمِيَ فَقَالَ: (ارْمِ وَلَا حَرَجَ) فَقَالَ آخَرُ: يَا رَسُولَ اللَّهِ حَلَقْتُ قَبْلَ أَنْ أُذْبِحَ قَالَ: (اذْبَحْ وَلَا حَرَجَ) فَقَالَ آخَرُ: طُفْتُ قَبْلَ أَنْ أُرْمِيَ يَا رَسُولَ اللَّهِ فَقَالَ: (ارْمِ وَلَا حَرَجَ)

الراوي : جَابِرُ بْنُ عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3867 | خلاصة حكم المحدث: صحيح - ((حجة النبي صلى الله عليه وسلم)) (97 / 86).

বাংলা

৩৮৬৭. জাবির বিন আব্দুল্লাহ রাঈয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি বললেন, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, কঙ্কর নিক্ষেপ করার আগে আমি কুরবানী করে ফেলেছি!” তিনি জবাবে বলেন, “কঙ্কর নিক্ষেপ করো। কোন ক্ষতি নেই।” আরেক ব্যক্তি বললো, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, কুরবানী কুরবানী করার আগে আমি মাথা মুন্ডন করে ফেলেছি!” তিনি জবাবে বলেন, “তুমি কুরবানী করো। কোন ক্ষতি নেই।” আরেক ব্যক্তি বললো, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, কঙ্কর নিক্ষেপ করার আগে আমি তাওয়াফ করেছি!” তিনি জবাবে বলেন, “তুমি তাওয়াফ করো। কোন ক্ষতি নেই।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১৮৫; নাসাঈ আল কুবরার বরাতে তুহফাতুল আহওয়াযী: ২/২৪১; তাহাবী: ২/২৩৬;
সুনান বাইহাকী: ৫/১৪৩; ইবনু মাজাহ: ৩০৫২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা
নাসির উদ্দিন আলবানী রহিমাল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (হাজ্জাতুন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম:
৮৬, ৯৭)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93206>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন